

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৬৮৬

(كتاب الصيام) মণ্ডম /৩১

পরিচ্ছেদঃ ১৩/১৮. আরাফার দিনে আরাফার মাঠে হজ্জ পালনকারীর জন্য সওম ভঙ্গ করা মুস্তাহাব।

استحباب الفطر للحاج بعرفات يوم عرفة

## আরবী

حديث أُمِّ الْفَصْل بِنْتِ الْحَارِثِ، أَنَّ نَاسًا اخْتَلَفُوا عِنْدَهَا، يَوْمَ عَرَفَةَ، فِي صَوْمِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؛ فَقَالَ بَعْضُهُمْ: هُوَ صَائمٌ وَقَالَ بَعْضُهُمْ: لَيْسَ بِصَائمٍ فَأَرْسَلَتْ إِلَيْهِ بِقَدَحِ لَبَنٍ، وَهُوَ وَاقِفٌ عَلَى بَعِيرِهِ، فَشَرِبَهُ

## বাংলা

৬৮৬. উন্মুল ফাযল বিনত হারিস (রাঃ) সূত্রে বর্ণনা করেন যে, কিছু সংখ্যক লোক 'আরাফাতের দিনে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সওম পালন সম্পর্কে তাঁর কাছে সন্দেহ প্রকাশ করে। তাদের কেউ বলল, তিনি সওম পালন করেছেন। আর কেউ বলল, না, তিনি করেননি। এতে উন্মুল ফাযল (রাঃ) এক পেয়ালা দুধ আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট পাঠিয়ে দিলেন এবং তিনি তা পান করে নিলেন। এ সময় তিনি উটের পিঠে ('আরাফাতে) উকৃফ অবস্থায় ছিলেন।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ২৫ : হাজ্জ, অধ্যায় ৮৮, হাঃ ১৯৮৮; মুসলিম, পর্ব ১৩ : সওম, অধ্যায় ১৮, হাঃ ১১২৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ উম্মু ফাযল (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন